# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৭৪২

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৭. তৃতীয় অনুচ্ছেদ - মসজিদ ও সালাতের স্থান

## আরবী

عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: «مَنْ جَاءَ مَسْجِدِي هَذَا لم يَأْته إِلَّا لِخَيْرٍ يَتَعَلَّمُهُ أَوْ يُعَلِّمُهُ فَهُوَ بِمَنْزِلَةِ الْمُجَاهِدِ فِي سَبِيلِ اللَّهِ وَمَنْ جَاءَ لِغَيْرِ ذَلِكَ فَهُوَ بِمَنْزِلَةِ الرَّجُلِ يَنْظُرُ إِلَى مَتَاعِ غَيْرِهِ» . رَوَاهُ ابْنُ مَاجَهْ وَالْبَيْهَقِيُّ فِي شُعَبِ الْإِيمَانِ

## বাংলা

৭৪২-[৫৪] আবূ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছিঃ যে আমার এই মসজিদে আসে এবং শুধু ভালো কাজের উদ্দেশেই আসে, হয় সে ’ইলম শিক্ষা দেয় অথবা নিজে শিখে, সে আল্লাহর পথে জিহাদে অংশগ্রহণকারীর সমতুল্য। আর যে ব্যক্তি এ ছাড়া অন্য কোন উদ্দেশে আসে সে হলো ঐ ব্যক্তির মতো যে অন্যের জিনিসকে হিংসার চোখে দেখে (কিন্তু ভোগ করতে পারে না)। (ইবনু মাজাহ্ ও বায়হাক্বী- শু’আবুল ঈমান)[1]

## ফুটনোট

[1] সহীহ : ইবনু মাজাহ্ ২২৭, সহীহ আত্ তারগীব ৮৭, বায়হাক্বীর শু‘আবুল ঈমান ১৫৭৫।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: এখানে আমার এ মাসজিদ বলতে সকল মাসজিদকেই বুঝিয়েছেন। অবশ্য মদীনার মাসজিদ মাসজিদুল হারামের পর পৃথিবীর শ্রেষ্ঠতম মাসজিদ।

যে ব্যক্তি মসজিদে কেবল ভালো কাজ, অর্থাৎ- জ্ঞান অথবা ‘আমল বা কর্মের শিক্ষা নিতে বা শিক্ষা দিতে অথবা এই শ্রেণীভুক্ত কোন কাজে আসে। মুসনাদে আহমাদের বর্ণনায় আছে, যে ব্যক্তি আমাদের এ মসজিদে কোন কল্যাণ শিখতে অথবা শিক্ষা দিতে প্রবেশ করে। হাদীসে বর্ণিত সাওয়াব শুধুমাত্র নির্দিষ্ট আনুগত্যমূলক কাজ করে

পাওয়া যাবে। অন্য কাজে নয়। তাছাড়া এখানে জ্ঞান শিক্ষা করার ও শিক্ষা দেয়ার মর্যাদার উচ্চ প্রশংসা করা হয়েছে। কারণ এটা এমন কল্যাণকর কাজ মর্যাদায় যার সমপর্যায়ের আর কিছু হতে পারে না। তবে কল্যাণকর সকল বিষয় শেখা ও শিখানো এর অন্তর্ভুক্ত হতে পারে। এ হাদীসের মধ্যে এই নির্দেশনা রয়েছে যে, মসজিদে শিক্ষা প্রদান ও গ্রহণ পৃথিবীর অন্য যে কোন স্থানের চেয়ে উত্তম।

এরূপ ব্যক্তি আল্লাহর রাস্তায় জিহাদে রত ব্যক্তির সমতুল্য। কারণ তারা দু’জনেই আল্লাহর বাণীকে সর্বোচ্চ স্থানে উন্নীত করতে চায় অথবা এর কারণ এটাও হতে পারে যে, জ্ঞান এবং জিহাদ এমন ইবাদাত যার দ্বারা সমস্ত মুসলিমের উপকার সাধিত হয়।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55299

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন